

ধান ক্ষেতে মাজরা পোকাকার আক্রমণ ও কৃষক ভাইদের করণীয়


এসময়ে বোরো ধান ক্ষেতে মাজরা পোকাকার আক্রমণ হতে পারে। এখন মাঠের ধানগুলো খোর/কাইচ খোর অবস্থায় আছে। যদি প্রতি বর্গমিটারে ৩টি হলুদ মথ বা ডিমের ৩টি গাদা দেখা যায় তবে বুঝতে হবে উক্ত পোকাকার আক্রমণ অর্থনৈতিক ক্ষতিকর ধাপে আছে ফলে উক্ত মাঠে ৫-১০% মরা শীষ বা হোয়াইট হেড দেখা দিতে পারে। তাই দ্রুত প্রতিকার ব্যবস্থা নেয়া দরকার।

প্রতিকারঃ

- ১) মথ পোকাকে মারার জন্য আলোক ফাঁদ ব্যবহার করতে হবে।
- ২) ধান ক্ষেতে ডালপালা পুতে (পার্চিং) পাখি বসার ব্যবস্থা করতে হবে (বিঘাপ্রতি ৭-৮টি পার্চিং)।
- ৩) পোকাকার ডিমের গাদা সংগ্রহপূর্বক নষ্ট করে ফেলতে হবে।
- ৪) জমিতে দাড়ানো পানি থাকলে ১৬ কেজি/হে. হিসাবে দানাদার বিষ (কুরাটার ৫জি, মার্শাল ৬জি) প্রয়োগ করতে হবে।
- ৫) আক্রমণের মাত্রা বেশী হলে ১০ লিটার পানিতে ১.৫ গ্রাম হিসাবে ভিরতাকো ৪০ WG স্প্রে করতে হবে।



চিত্র: মরা শীষ বা হোয়াইট হেড



চিত্র: মাজরা পোকাকার ডিমের গাদা, কীড়া ও মথ



চিত্র: আলোক ফাঁদ

প্রচারেঃ কীটতত্ত্ব বিভাগ, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ